



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১০১/২২

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসার আল ইসলাম” এর ০১ (এক) জন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সূত্র এবং সাইবার স্পেসের নজরদারীর ভিত্তিতে ২৩ এপ্রিল, ২০২২ খ্রি. ২২.০৫ ঘটিকায় অভিযান পরিচালনা করে বনানী থানাধীন মহাখালী পুলিশ বক্স এলাকা হতে “আনসার আল ইসলাম” এর ০১ (এক) সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম- মোঃ উজ্জল মিয়া@উজ্জল খন্দকার (২৩), পিতা: সুনাম হর খন্দকার, মাতা: শাহেনা আক্তার, স্থায়ী ঠিকানা: গ্রাম- উত্তর সাঙ্গর (পশ্চিম পাড়া), পো: উত্তর সাঙ্গর, থানা: বানিয়াচং, জেলা: হবিগঞ্জ, বর্তমান ঠিকানা- বায়তুল মাহফুজ জামে মসজিদ, মহাখালী পুলিশ বক্স সংলগ্ন, বনানী থানা, ডিএমপি, ঢাকা। বর্তমানে সে হবিগঞ্জে আলিয়া মাদ্রাসায় অনার্স ২য় বর্ষে অধ্যয়নরত। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১ টি মোবাইল, “মুসলিম উম্মাহর প্রতি আহবান” সংক্রান্ত ০৭ পাতার একটি পুস্তিকা, ১৪ পাতার “জিহাদের জন্য ট্রেনিং বা প্রস্তুতি” (পর্ব ১-১৩) শীর্ষক পুস্তিকা, জন্মকৃত মোবাইলে লগইন অবস্থায় তার টাইম লাইনে উগ্রবাদী কর্মকাণ্ডে উদ্বুদ্ধকরণের বিভিন্ন পোস্ট, ভিডিও শেয়ারের স্ক্রিনশট, মোবাইল ফোনের সংযুক্ত মেমোরী কার্ডে সংরক্ষিত বেশ কিছু উগ্রবাদী ভিডিও এবং পিডিএফ ফাইল জন্ম করেছে।

গ্রেফতারকৃত মোঃ উজ্জল মিয়া@উজ্জল খন্দকার অনলাইনে উগ্রবাদী প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্র ও আসন্ন তথাকথিত গাজওয়াতুল হিন্দের মাধ্যমে বাংলাদেশে তথাকথিত খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। পূত আসামী তামিম আল আদনানী, আলী হাসান উসামা, মাহমুদুল হাসান গুণবী এবং হারুন ইজহারদের বক্তব্যে অনুপ্রাণিত হয়ে “আনসার আল ইসলাম” এর সদস্য হয়ে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম এবং এনক্রিপ্টেড চ্যাট গ্রুপে উক্ত সংগঠনের সমর্থনে ভার্চুয়াল মাধ্যমে গোপনে প্রচারণা এবং সদস্য বৃদ্ধির জন্য দাওয়াতি কার্যক্রম পরিচালনা করে আসছিল। তাছাড়া সে সামাজিক যোগাযোগ মাধ্যমে রাষ্ট্র ও সরকার বিরোধী এবং ধর্মীয় উসকানিমূলক ও উগ্রবাদী বিভিন্ন পোস্ট দিয়ে আসছিল। অন্যদিকে উগ্রবাদী বিভিন্ন বই ও কনটেন্ট সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট দিয়ে আগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহবান করে আসছিল গ্রেফতারকৃত উজ্জল মিয়া@উজ্জল খন্দকার।

গ্রেফতারকৃত মোঃ উজ্জল মিয়া@উজ্জল খন্দকার (২৩) এর বিরুদ্ধে ডিএমপি, বনানী থানার মামলা নং-৩৯, তাং- ২৪/০৪/২০২২খ্রি., সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারায় নিয়মিত মামলা রঞ্জু করা হয়েছে। তার বিষয়ে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।


২৪/০৪/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd